



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখঃ ১৭/০৩/২০১৮ খ্রিঃ

বর্ণাঢ্য আয়োজনে বরিশাল বিশ্ববিদ্যালয়ে বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস-২০১৮ উদযাপন

১৭ মার্চ ২০১৮ হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯ তম জন্মদিন ও জাতীয় শিশু দিবস। দিবসটি উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে গ্রহণ করা হয়েছে নানা কর্মসূচি। কর্মসূচির শুরুতে বিশ্ববিদ্যালয় প্রাঙ্গনে অস্থায়ীভাবে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক। এ সময় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, চেয়ারম্যানবৃন্দ, প্রক্টর, প্রভোস্টবৃন্দ, পরিচালকবৃন্দ, দপ্তর প্রধানগণ এবং শিক্ষক সমিতির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। উপাচার্য মহোদয়ের পুষ্পস্তবক অর্পণের পরপরই বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, নীলদল বরিশাল বিশ্ববিদ্যালয়, অফিসার্স এসোসিয়েশন, সেক্টর কমান্ডারস ফোরাম মুক্তিযুদ্ধ ৭১ ববি শাখা, উত্তরাধিকার ববি শাখা, ২২টি বিভাগ, বঙ্গবন্ধু হল, শেরে বাংলা হল, শেখ হাসিনা হল, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও স্বেচ্ছাসেবী সংগঠন এবং ৩য় ও ৪র্থ শ্রেণি কর্মচারী কল্যান পরিষদ, বরিশাল বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ পুষ্পস্তবক অর্পণে অংশ নেয়। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন ও জাতীয় শিশু দিবস ২০১৮ উপলক্ষে ক্যাম্পাসে শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহনকারী এবং বিজয়ী শিশুদের মধ্যে সম্মাননা সনদ ও পুরস্কার বিতরণ করেন মাননীয় উপাচার্য মহোদয়। চিত্রাংকন প্রতিযোগিতায় বরিশালের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান এবং বরিশাল বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তানসহ দেড় শতাধিক শিশু কিশোর অংশ নেয়। এদিকে গত বছর এই দিনে দেশের ৩৯টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের মধ্যে সর্বপ্রথম চালু হওয়া বরিশাল বিশ্ববিদ্যালয় শিশুযত্ন কেন্দ্রেরও প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে শিশুদের নিয়ে কেক কাটেন উপাচার্য মহোদয়। কর্মসূচির ২য় পর্যায়ে বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের আন্তর্জাতিক স্বীকৃতি উদযাপন উপলক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভার শুরুতে বিশ্ববিদ্যালয়ের মুক্তমঞ্চে বঙ্গবন্ধুর ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ পরিবেশন করা হয়। আলোচনা সভায় মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে বলেন, বঙ্গবন্ধু বাংলাদেশ সমার্থক, বাংলাদেশ বললে বঙ্গবন্ধুর নাম আসে। তিনি শুধু বাংলাদেশের নেতা নয়, তিনি বিশ্বের নেতা। তাঁর জন্য আমাদের গর্ব হওয়া উচিত। উপাচার্য মহোদয় বলেন, বঙ্গবন্ধুর সোনার বাংলা আর শেখ হাসিনার ডিজিটাল বাংলাদেশ একই সূত্রে গাঁথা। কাজেই বঙ্গবন্ধু যে স্বপ্নের সোনার বাংলা বিনির্মান করতে চেয়েছিলেন, সেই সোনার বাংলা বিনির্মানে কাজ করে যাচ্ছেন তাঁরই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আর তারই স্বীকৃতিস্বরূপ আজ বাংলাদেশ স্বল্পোন্নত দেশ থেকে উন্নত দেশ হিসেবে আত্মপ্রকাশ করার পথে আরো একধাপ এগিয়ে গেল। এ অর্জন ১৬ কোটি বাঙালীর। আর তাই আজকের এই দিনে আমাদের অঙ্গীকার হোক নিজেদেরকে সং মানুষ হিসেবে গড়ে তোলা এবং বঙ্গবন্ধুর আদর্শে উজ্জীবিত হয়ে এ দেশকে এগিয়ে নিয়ে যাওয়া। রেজিস্ট্রার মোঃ মনিরুল ইসলাম এর সঞ্চালনায় সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন ড. মো. হাসিনুর রহমান, শিক্ষক সমিতির সভাপতি শেরে বাংলা হলের প্রভোস্ট ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের চেয়ারম্যান মোঃ ইব্রাহীম মোল্লা, শেখ হাসিনা হলের প্রভোস্ট দিল আফরোজ খানম, ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক মোঃ আরিফ হোসেন, ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক তানভীর কায়সার, অফিসার্স এসোসিয়েশনের সাধারণ সম্পাদক মোঃ রফিকুল ইসলাম সেরনিয়াবাত, শিক্ষার্থীদের মধ্য থেকে আইন বিভাগ ৩য় বর্ষের শিক্ষার্থী কাজী আফরিদা তাসনিম, আইন বিভাগ ৪র্থ বর্ষের শিক্ষার্থী নাঈম উদ্দীন মিল্টু এবং ৩য় ও ৪র্থ শ্রেণি কর্মচারী কল্যান পরিষদের সভাপতিদ্বয় যথাক্রমে মোঃ আবুল কালাম ও মোঃ শাহজাদা খান প্রমুখ। আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে মাননীয় উপাচার্য মহোদয়ের সহধর্মিনী মিসেস মন্টি ইমাম হক, শিক্ষকমণ্ডলী, শিক্ষার্থীবৃন্দ, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন। এদিকে দিবসটি উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের মুক্তমঞ্চে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়।

কর্তৃপক্ষের নিদেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ অফিস